পিসি কিনতে সাতটি ধাপ

তথ্যপ্রযুক্তির এক অন্যতম বাহন কম্পিউটার। সঠিক দাম এবং উপযুক্ত যন্ত্রাংশের সমন্বয়ে ভালো মানের একটি কম্পিউটার কেনা আজ আর সহজ কাজ নয়। বিশেষজ্ঞরা গবেষণা করে পিসি কেনার সাতটি ধাপ বের করেছেন। কম্পিউটার কেনার সাতটি ধাপ অবলম্বন করতে পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। এই ধাপগুলো অবলম্বন করলে সহজেই একটি ভালো মানের পিসি যে কেউ নির্বাচন করতে সক্ষম হবেন। এবং পিসি কেনার ক্ষেত্রে অন্তত তিনি ঠকবেন না। ধাপগুলো নিচে বর্ণনা করা হলো :

ধাপ-০১ কম্পিউটার দিয়ে কি করবেন তা নির্ধারণ করুন

কম্পিউটার কেনার পূর্বে আপনাকে যা ভাবতে হবে তার মধ্যে গুরুত্বপূর্ণ এবং প্রধান একটি ভাবনা হলো, আপনি কম্পিউটার দিয়ে কি করবেন তা নির্ধারণ করতে হবে। কেননা কম্পিউটার কেনার আগে যদি আপনি নির্ধারণ করতে না পারেন যে, এই কম্পিউটারটি কি কাজে ব্যবহার করবেন বা কতটুকু কাজ আপনি আশা করেন এই কম্পিউটার থেকে, তবে পরবর্তীতে আপনি সমস্যায় পড়তে পারেন। এই ভাবনাটির নির্ভর করছে অনেক কিছু। যেমন আপনি কম্পিউটারটি কি শুধুমাত্র আপনার বাসায় ব্যবহার করার জন্য কিনতে চাচ্ছেন, নাকি আপনার ছোট ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কিনতে চাচ্ছেন তা স্পষ্ট থাকা উচিত। আপনাকে জানতে হবে, আপনি এই কম্পিউটার দিয়ে কি গ্রাফিক্স ডিজাইন করতে চাচ্ছেন, নাকি চাচ্ছেন ওয়েবপেজ ডিজাইন করতে। যদি গ্রাফিক্স ডিজাইন করতে চান তবে অবশ্যই আপনার কম্পিউটার প্রসেসর এবং মেমোরি উন্নতমানের কিনতে হবে। অনুরূপভাবে বাসায় সাধারণ অ্যাপ্লিকেশন প্রোগ্রাম চালনা করা, গেমস খেলা, ইন্টারনেট, ব্রাউজ করা ইত্যাদি কাজগুলো সম্পন্ন করার জন্য খুব ব্যয়বহুল কম্পিউটার না কেনাই যুক্তিযুক্ত হবে। অনেক সময় ছোটখাটো ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার কেনার প্রয়োজন হয়। সেক্ষেত্রে আপনি যদি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার কেনার কথা চিন্তা করেন তবে আপনার বাজেট হোম পিসি'র তুলনায় একটু বেশি হবে। সুতরাং সার্বিক দিক বিবেচনা করে একথা বলা চলে যে, পিসি কেনার ক্ষেত্রে এই ধাপের ভূমিকা অপরিসীম।

ধাপ-০২ কম্পিউটার কেনার জন্য আপনি কত টাকা ব্যয় করতে চান

যদি টাকার অঙ্ক কোনো সমস্যা না হয় তবে আপনার ইচ্ছা মাফিক যে কোনো বাজেটের কম্পিউটার কিনতে পারবেন। যে দোকান থেকে কম্পিউটার কিনবেন তারা আপনাকে সব সময়ই বলবে, আপনি আমাদেরকে বড় রকমের বাজেট দিন। আমরা আপনাকে দেবো সবচেয়ে দ্রুত এবং সর্বোৎকৃষ্ট কম্পিউটার। এখানে একটি কথা বলে রাখা ভালো, কম্পিউটার কেনার সময় আপনার বাজেট যদি বেশি হয় তবে আপনি বাজারের সবচেয়ে ভালো এবং ক্ষমতার দিক থেকে বেশি এমন সব একসেসরিজ দিয়ে আপনার পিসি তৈরি করবেন। কেননা আজ যে একসেসরিজ বাজারের সেরা বলে বিবেচিত, আগামী দিন সেই একসেসরিজই পুরনো আর কম ক্ষমতাসম্পন্ন হয়ে যাবে। তাই পিসি

আইসিটি নিউজ

ব্রিটিশ কাউন্সিলে তথ্যপ্রযুক্তি শিক্ষামেলা

ফুলার রোডে অবস্থিত ব্রিটিশ কাউন্সিলের উদ্যোগে গত ২১ জুলাই থেকে তিন দিনব্যাপী আইটি কোয়ালিফিকেশন্স অ্যাট ইউকে বিষয়ক তথ্যপ্রযুক্তি শিক্ষামেলা অনুষ্ঠিত হয়। মেলায় বাংলাদেশে ইউকেভিত্তিক এনসিসি কোর্সের সঙ্গে জড়িত বিআইটি, ডিআইআইটি, আইবিসিএস-প্রাইমেক্স, নিউরাল, সফট-এড, আইবিআইটি, আইসিটিএল নামক প্রতিষ্ঠানগুলো অংশ নেয়। মেলায় দেশজুড়ে এনসিসিভিত্তিক শিক্ষা কার্যক্রমের ওপর একটি মনোজ্ঞ মাল্টিমিডিয়া উপস্থাপনা প্রদর্শন করা হয়। ব্রিটিশ কাউন্সিল মেলা উপলক্ষে নতুন সদস্যদের জন্য ১০ শতাংশ ছাড় দেয়। এছাড়া অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলোর ১৫ জন শিক্ষার্থী ৩ ঘন্টার একটি প্রোগ্রামিং কনটেস্টে অংশ নেন। এতে শীর্ষস্থান অধিকারী ডিআইআইটির ছাত্র রফিকুল ইসলাম খানকে ১৫ দিনের ইংল্যান্ড ভ্রমণের সুযোগ প্রদান করা হয়।

যশোরে এনআইআইটি

তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান এনআইআইটি যশোরে তাদের প্রশিক্ষণ কেন্দ্র চালু করতে যাচ্ছে। সম্প্রতি এ বিষয়ে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দেবজিৎ সরকার , এনআইআইটি কলকাতার তাপস রে, একমি আইট লিঃ-এর উপব্যবস্থাপনা পরিচালক আফজালুর রহমান সিনহা প্রমুখ। একমি আইটি লিমিটেড যশোরে এ কেন্দ্র পরিচালনা করবে।

ইউএপিতে ই-কমার্স ও জাভা বিষয়ক সেমিনার

দ্য ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে গত ১৬ জুলাই জাভা ও ই-কমার্স বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের সান জেসে বিশ্ববিদ্যালয়ের খণ্ডকালীন শিক্ষক ড. বদরুল মুনীর সারোয়ার। তিনি তার বক্তব্যে ই-কমার্সের পরিবর্তিত পদ্ধতি এবং সুযোগ, প্রতিবন্ধকতা ও সম্ভাবনা নিয়ে আলোকপাত করে গ্রাহকদের চাহিদা এবং বস্তুর গুণাগুণের ওপর গুরুত্বারোপ করেন। সেমিনারে আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্রের সান মাইক্রোসিস্টেমস্ ইনকরপোরেটেডের টেকনিক্যাল স্টাফ সদস্য ড. কাজী ইফফাত হক। সেমিনার পরিচালনা করেন ইউএপির সিএসই বিভাগের চেয়ারম্যান ড. মোঃ শামসুল আলম।

ড্যাফোডিল পিসির আইএসও ২০০২ সনদের অডিট সম্পন্ন

বাংলাদেশী ব্র্যান্ড কম্পিউটার ড্যাফোডিল পিসির আইএসও ২০০২ কোয়ালিটি সিস্টেমের দ্বিতীয় সার্ভিলিয়েন্স অডিট গত ১৩ জুলাই সফলভাবে সম্পন্ন হয়েছে। ২০০০ সালে প্রথম সার্টিফিকেট অডিট হওয়ার পর ড্যাফোডিল পিসি কোয়ালিটি পিসি হিসেবে পদার্পণ করে। উল্লেখ্য, ড্যাফোডিল পিসি সংযোজন, মাননিয়ন্ত্রণ, বিক্রি ও বিক্রয়োত্তর সেবার ওপর আইএসও ২০০২ সনদপ্রাপ্ত। পরে যুক্তরাষ্ট্রের অরিয়ন রেজিস্ট্রারের প্রধান অডিটর যথাযথ কোয়ালিটি সিস্টেম এবং কিছু উন্নয়নমূলক পদক্ষেপ দেখে মুগ্ধ হন। পরে তিনি ড্যাফোডিল কম্পিউটার্সের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সবুর খানের সঙ্গে দেখা করে তাকে অডিটের ফলাফল জানান।

লিনাক্স বাংলাদেশের সেমিনার অনুষ্ঠিত

লিনাক্স ব্যবহারকারীদের সংগঠন লিনাক্স বাংলাদেশ গত ১৯ জুলাই তাদের তৃতীয় সেমিনারের আয়োজন করে। সেমিনারে বক্তারা লিনাক্স ইনস্টলেশন, হার্ডডিস্ক পার্টিশন ও এমবিআর নিয়ে আলোচনা করেন। উল্লেখ্য, অপারেটিং সিস্টেম হিসেবে মাইক্রোসফট উইন্ডোজ ব্যবহারের পাশাপাশি লিনাক্স বর্তমানে অনেক ইউজারের কাছেই জনপ্রিয় অপারেটিং সিস্টেম। সেমিনারে জানানো হয়, আগস্ট থেকে বিনামূল্যে লিনাক্স প্রশিক্ষণ শুরু হবে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন : ফোন-৯৬৬৯৭৮৮।

কেনার আরো একটি গুরুত্বপূর্ণ ধাপ এটি।

ধাপ-০৩ সঠিক হার্ডওয়্যার নির্ধারণ করা

কম্পিউটার দিয়ে কি করবেন এবং কম্পিউটার কেনার কাজে কত টাকা আপনার বাজেট– এই দুটি বিষয় জানার পর আপনাকে নির্ধারণ করতে হবে কম্পিউটারের জন্য সঠিক হার্ডওয়্যার বা যন্ত্রাংশ। কেননা আপনার বাসায় ব্যবহার করার জন্য যে কম্পিউটার কিনবেন আর ব্যবসা প্রতিষ্ঠানের জন্য যে কম্পিউটার কিনবেন এ দু'য়ের মধ্যে ব্যাপক পার্থক্য হবে। নিচে এ ব্যাপারগুলোর আলোকে স্বল্প পরিসরে গাইড লাইন দেওয়া হলো :

আপনি যদি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার কিনতে চান তবে আপনার প্রয়োজন হবে দ্রুতগামী প্রসেসর এবং উচ্চমানের গ্রাফিক্সসমৃদ্ধ কম্পিউটার। সেই সঙ্গে প্রয়োজন হবে উচ্চ রেজ্যুলেশনের মনিটর এবং অপেক্ষাকৃত ভালো মানের সাউন্ড সিস্টেম। বেশি ক্ষমতাসম্পন্ন হার্ডডিস্ক এবং র‌্যামের কথাও মাথায় রাখতে হবে। ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কম্পিউটারে অবশ্যই একটি প্রিন্টার প্রয়োজন হবে। এক্ষেত্রে লেজার প্রিন্টার হওয়াটাই বাঞ্ছনীয়।

আপনি যদি অফিস পিসি কিনতে চান তবে আপনি নজর দিন মোটামুটি মানের

পবিত্র কোরআনের ক্যালিগ্রাফি সফটওয়্যার উদ্বোধন

তথ্যপ্রযুক্তির কল্যাণে অনলাইনে পবিত্র কোরআন শরিফ বিভিন্ন ভাষায় বেশ কয়েক বছর ধরেই পাওয়া যাচ্ছে। কিন্তু পবিত্র এই ধমগ্রন্থের মূল ক্যালিগ্রাফিগুলো এতদিন ইন্টারনেটে সহজলভ্য ছিল না কেবল প্রয়োজনীয় সফটওয়্যারের অভাবে। পাকিস্তানের একজন মুদ্রাকর হাসান রাশিদ সম্প্রতি ভারত ও ব্রিটিশ তথ্যপ্রযুক্তিবিদদের সহায়তায় 'কোরআন পাবলিশিং সিস্টেম' নামে একটি সফটওয়্যার তৈরি করেছেন যা দিয়ে পবিত্র ওই ধর্মগ্রন্থটিকে সম্পূর্ণ অবিকৃতভাবে যে কোনো ভাষায়, যে কোনো আয়তন ও আকারে প্রকাশ করা যাবে।

একজন ক্যালিগ্রাফারকে সংশ্লিষ্ট শিল্পে দক্ষতা অর্জন করতে লাগে ৫০ বছর। আর একখানা কোরআন শরিফ লিখতে লাগে কমপক্ষে তিন বছর। কিন্তু হাসান রাশিদের সফটওয়্যার এক্ষেত্রে বিপ্লব আনতে যাচ্ছে। এই সফটওয়্যার ব্যবহারকারীরা কোরআনের পাণ্ডুলিপি পড়তে সক্ষম হবেন এবং এর মাধ্যম যে কোনো ভাষায় তা অনুবাদ করতে পারবেন। তবে এক্ষেত্রে ব্যবহারকারীরা কোরআনের কোনো একটি অংশ কপি করতে পারবেন, কিন্তু বিকৃত করতে এমনকি পরিবর্তন করতে পারবেন না। হাসান রাশিদ বলেন, পবিত্র কোরআনের কোনো অংশ যাতে কেউ পরিবর্তন বা বিকৃত করতে না পারে তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। তারা এ বিষয়টিকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনায় রেখেছিলেন বলেও তিনি জানান। সফটওয়্যারটির দাম ধরা হয়েছে পাঁচ হাজার মার্কিন ডলার।



শীঘ্রই আসছে ইন্টেলের ৩ গিগাহার্জের পেন্টিয়াম ফোর

এ বছরেরই শেষে শীর্ষ চিপ প্রস্তুতকারী প্রতিষ্ঠান ইন্টেল তিন গিগাহার্জ গতির পেন্টিয়াম ফোর প্রসেসর বাজারে ছাড়বে বলেন ঘোষণা দিয়েছে। বর্তমানে এই চিপ সেটের ২.৮ গিগাহার্জ প্রসেসরের বিপরীতে এএমডির (অ্যাডভান্সড মাইক্রো ডিভাইস) ১.৮ গিগাহার্জ প্রসেসর বাজারে পাওয়া যাচ্ছে। ইন্টেলের এই আগাম ঘোষণা তাই এমডিএর জন্য একটি আগাম চ্যালেঞ্জ বলে বিশেষজ্ঞরা মনে করছেন।

স্টক মার্কেটে অভয়া'র শেয়ার পতন

সম্প্রতি কম্যুনিকেশন যন্ত্রপাতি প্রস্তুতকারী প্রতিষ্ঠান অভয়া ইনক-এর শেয়ার মূল্য ৫০% কমে গেছে। এই অনাকাঙ্ক্ষিত শেয়ার পতনে কোম্পানির কর্তা ব্যক্তিরা অবাক হয়েছেন এবং দ্রুত এই ঘটনার কারণ খুঁজে বের করার জন্য চেষ্টা করছেন। তারা আশা করছেন, এই বছরের শেষদিকে তারা তাদের ক্ষতি কাটিয়ে উঠতে পারবেন।

ইন্টারনেট ব্যবহারে চীন শীর্ষে

সম্প্রতি সারা পৃথিবীতে ইন্টারনেট ব্যবহারকারীদের ওপর একটি জরিপে দেখা গেছে যে, কেবল চীনেই মোট ১৬ বিলিয়ন লোক নিয়মিত ইন্টারনেটে লগইন। জরিপে যুক্তরাষ্ট্র এবং জাপানের পরেই রয়েছে চীনের অবস্থান। গত এক বছরে চীনে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা বেড়েছে ৬১%। গড়ে প্রতিটি চীনা সপ্তাহে মোট আট ঘন্টা বিশ মিনিট ইন্টারনেটে ব্রাউজ করেন। তবে সম্প্রতি এক দুর্ঘটনার পরে চীন সরকার দেশে সব সাইবার ক্যাফের কার্যক্রম নিষিদ্ধ করেছে। অবশ্য গার্টনার গ্রুপের মতে চীনের দুই লাখ ইন্টারনেট ক্যাফের মধ্যে আশি হাজারই ছিল লাইসেন্সবিহীন।

মটোরোলা এবং ডিজনি মিলে তৈরি করবে মিকি ফোন

সম্প্রতি ওয়াল্ট ডিজনি জানিয়েছে, তারা সেলফোন নির্মাতা মটোরোলার সঙ্গে মিলে মিকিমাউসের ইমেজ এবং ভয়েসযুক্ত টু ওয়ে রেডিও এবং তারবিহীন টেলিফোন তৈরি করবে।

ছয় থেকে বারো বছর বয়সের সবার জন্য তৈরি দুই মাইল রেঞ্জের এই টু ওয়ে রেডিওগুলোতে রিংটোন হিসেবে বিভিন্ন ডিজনি ক্যারেক্টারের ভয়েসকে ব্যবহার করা হয়েছে।

জাহাঙ্গীর আলম জুয়েল

প্রসেসর এবং ভালো মানের গ্রাফিক্সসমৃদ্ধ কম্পিউটারের দিকে। অফিসের পিসি'র জন্য তেমন ভালো মানের সাউন্ড সিস্টেম না হলেও চলবে। হার্ডডিস্ক, র‍্যাম ও অন্যান্য যন্ত্রাংশ অতি উচ্চ ক্ষমতাসম্পন্ন না হলেও চলবে।

আপনি যদি বাসায় ব্যবহারের জন্য হোম পিসি কিনতে চান তবে আপনি প্রথমেই জোর দিন কম্পিউটারের প্রসেসর এবং র‍্যামের দিকে। কেননা একথা সত্যি যে, বাসায় ব্যবহৃত কম্পিউটারটি বিভিন্ন কাজে ব্যবহৃত হয়ে থাকে। যেমন ধরা যাক, বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামে কাজ করা থেকে শুরু করে বিভিন্ন ধরনের গেমস খেলা (এক্ষেত্রে ব লে রাখা ভালো যে, বাজারে এখন অতি উচ্চমানের বহু গেমস আছে যা সাধারণ মানের কম্পিউটারে চালনা করাই যায় না), প্রোগ্রামিং করা, গান শোনা, ভিডিও ফাইল দেখা, ইন্টারনেট ব্রাউজ করা, ই-মেইল করা, ওয়েব ডিজাইন করা, টুকটাক গ্রাফিক্স ডিজাইনের কাজসহ নানা ধরনের কাজ সম্পন্ন করা হয়ে থাকে। হার্ডডিস্ক এবং অন্যান্য ডিভাইসের ক্ষেত্রেও আনুপাতিক হারে ভালো মানের একসেসরিজ কিনুন।



অনেক ক্ষেত্রে দেখা যায়, শুধুমাত্র ইন্টারনেট ব্যবহার করার জন্যই কম্পিউটার কিনতে হচ্ছে। এ ক্ষেত্রে আপনি পয়লা নম্বরে কম্পিউটারের প্রসেসরের স্পিডের দিকে নজর দিন। দ্বিতীয় দফায় নজর দিন কম্পিউটারের র‌্যামের দিকে। আর বাজার থেকে যাচাই করে একটি ভালো মানের মডেম কিনুন। ব্যস তৈরি হয়ে যাবে আপনার কাঙ্ক্ষিত ইন্টারনেট পিসি।

ধাপ-০৪ সঠিক সফটওয়্যার নির্ধারণ করা

কম্পিউটারের হার্ডওয়্যার বা বিভিন্ন ডিভাইস নির্ধারণ করার পর আপনাকে নজর দিতে হবে কম্পিউটারের অন্যতম প্রাণশক্তি সফটওয়্যারের দিকে। কেননা সফটওয়্যার ব্যতীত কোনো কম্পিউটার চিন্তাই করা যায় না। কাজের ধরনের ওপর ভিত্তি করে ভিন্ন ভিন্ন সফটওয়্যারের প্রয়োজন হয়ে থাকে। অফিস প্যাকেজের জন্য মাইক্রোসফট অফিস ২০০০ বা নতুন আসা অফিস এক্সপি বাছাই করতে পারেন। গ্রাফিক্স ডিজাইন করার জন্য ফটোশপ, কোরেল ড্র, ইলাস্ট্রেটর, কোয়ার্ক এক্সপ্রেস ইত্যাদি সফটওয়্যার সংগ্রহ করতে পারেন। পিসির সবচেয়ে গুরুত্বপূর্ণ সফটওয়্যার হলো তার অপারেটিং সিস্টেম। বর্তমানে বাজারে প্রচলিত অপারেটিং সিস্টেমগুলোর মধ্যে উইন্ডোজ '৯৮, উইন্ডোজ ২০০০, উইন্ডোজ এক্সপি ইত্যাদিই প্রধান। আপনি আপনার প্রয়োজনগুলো যদি কম্পিউটার বিক্রেতার কাছে বলেন তবে কম্পিউটার বিক্রেতা আপনাকে এ ব্যাপারে সহযোগিতা করতে পারবে।

ধাপ-০৫ ওয়ারেন্টি, সার্ভিস এবং কারিগরি সেবা সম্বন্ধে নিশ্চিত হোন

কম্পিউটার কেনার পূর্বে আপনাকে একটি বিষয় নিয়ে ভাবতে হবে। এই ভাবনার চিন্তার বিষয়টি অত্যন্ত সুদূরপ্রসারী। এ বিষয়টি হলো কম্পিউটারের বিক্রয়োত্তর সেবা। আপনি যেখান থেকেই কম্পিউটার কিনুন না কেন, দোকানি আপনাকে যত মিষ্টি মিষ্টি কথা বলেই বোঝাক না কেন, আপনি তাতে গলে যাবেন না। কম্পিউটার কেনার আ-গেই নিশ্চিত হোন ঐ প্রতিষ্ঠানের সেবার মান, কারিগরি সেবার পরিসীমা ইত্যাদি সম্বন্ধে। সকল সেবার নিশ্চয়তা লিখিত আকারে চেয়ে নিন। যাতে করে পরবর্তীতে আপনি কোনো প্রকার অযথা ঝামেলায় না পড়েন সেই বিষয়টি আপনাকেই নিশ্চিত করতে হবে।

যাত্রা শুরু করলো আইটি ডটওয়ান

কম্পিউটার সংবাদ

সম্প্রতি ঢাকার একটি হোটেলে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করলো আইসিটি এডুকেশন প্রতিষ্ঠান আইটি ডট ওয়ান। এই উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান ও বিশেষ অতিথি ছিলেন যথাক্রমে আইসিটি মন্ত্রী ড. আব্দুল মঈন খান এবং শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক। এছাড়া অনুষ্ঠানে আইটি ডট ওয়ানের চেয়ারম্যান মুতাব আলক চৌধুরী, পরিচালক কাজী বাহারুল ইসলাম এবং মে. জে. (অবঃ) সাদিকুর রহমান চৌধুরীও বক্তব্য রাখেন। সান, নভেল, মাইক্রোসফট, কম্পটিয়া ইত্যাদি বিখ্যাত কোম্পানিগুলোর বৈধ ভেন্ডর সার্টিফিকেশন কোর্স এখন এই কোম্পানি দেশের প্রশিক্ষণার্থীদের জন্য চালু করবে। অত্যাধুনিক ল্যাব, ক্লাসরুম, ইকুইপমেন্টস, নেটওয়ার্ক সুবিধা এবং আন্তর্জাতিক মানের প্রশিক্ষণপ্রাপ্ত ট্রেইনারদের নিয়ে গঠিত এই প্রতিষ্ঠান দেশের কম্পিউটার এডুকেশন সেক্টরে বড় অবদান রাখার ইচ্ছা ব্যক্ত করেছে। এই কোম্পানি ট্রেনিং ছাড়াও বিজনেস কন্সালট্যান্সি, অ্যাপ্লিকেশন সার্ভিস, নেটওয়ার্কিং ইত্যাদি ক্ষেত্রেও বিশেষভাবে কাজ করতে উৎসাহী। প্রতিষ্ঠানটির কর্মকর্তাদের মতে বক্স সেলিং (হার্ডওয়্যার) বিজনেসে না গিয়ে আইটি সংক্রান্ত জ্ঞান ছড়িয়ে দেয়া ও তা থেকে কিছু অ্যাচিভ করাই এই কোম্পানির লক্ষ্য। প্রতিষ্ঠানটির ওয়েব অ্যাড্রেস হলো : www.itdotone.com

ফা. হু.

ধাপ-০৬ সিদ্ধান্ত নিন কোথা থেকে কম্পিউটার কিনবেন?

এই ধাপটির শিরোনাম দেখে হয়তো আপনি বলতে পারেন, কম্পিউটার আবার কোথা থেকে কিনবো? দোকান থেকে কিনবো কম্পিউটার। এখানে আপনার জন্য একটি তথ্য জানাতে চাই। কম্পিউটার এখন শুধু মার্কেটে গিয়েই যে কেনা যায় তাই নয়, ইন্টারনেট থেকে অর্ডার দিয়েও কম্পিউটার কেনা যায়। ঢাকায় কম্পিউটার মার্কেট হিসেবে এক সময় প্রাধান্য পায় এলিফ্যান্ট রোড। পরবর্তীতে আগারগাঁও-এর বিসিএস কম্পিউটার সিটি কম্পিউটার মার্কেট হিসেবে ব্যাপক প্রচারণা পায়। সমসাময়িককালে নাহার প্লাজাসহ ঢাকায় আরো বহু মার্কেটে গড়ে উঠেছে কম্পিউটার বিপনি কেন্দ্র। এছাড়া ঢাকার বাইরে বেশ কয়েকটি জেলায় দু'একটি করে কম্পিউটার বিক্রয় প্রতিষ্ঠান গড়ে উঠেছে। কম্পিউটার কেনার ক্ষেত্রে বিজ্ঞাপনের ওপর ভিত্তি না করে নিজে দেখেশুনে যাচাই-বাছাই করে সিদ্ধান্ত নিন। অনেক সময় বড় প্রতিষ্ঠানের চেয়ে ছোট প্রতিষ্ঠানের কাছ থেকে কম্পিউটার কিনলে সেবার মান বেশি পাওয়া যায়। অর্থাৎ আপনার মূল টার্গেট থাকবে বিক্রয়োত্তর সেবা যাদের বেশি, তাদের কাছ থেকেই আপনি কম্পিউটার কিনবেন। হোক সে মাস্টার ডিস্ট্রিবিউটর, হোক সে খুচরা বিক্রেতা।

ধাপ-০৭ উপযুক্ত দামে ভালো পিসি কিনুন

পিসি কেনার জন্য উপরোক্ত ছয়টি ধাপ অবলম্বন করার পর আপনি একটি কাগজে পিসির কনফিগারেশন (তালিকা) তৈরি করুন। এরপর বেরিয়ে পড়ুন কম্পিউটার মার্কেটে। যতগুলো সংখ্যক সম্ভব তত সংখ্যক দোকানে আপনার তৈরি কনফিগারেশনটি দেখান। ভুলেও এক দোকানের দেয়া দাম অন্য দোকানে দেখাবেন না। আপনি প্রতিটি দোকানের দেয়া দাম আলাদা আলাদাভাবে বিচার-বিবেচনা করুন। তারপর তুলনামূলকভাবে সিদ্ধান্ত নিন আপনি কোথা থেকে পিসি কিনবেন। অর্থাৎ আপনার কাজ হবে উপযুক্ত দামে সর্বোৎকৃষ্ট পিসিটি দোকান থেকে কিনে আনা। বাসায় নিয়ে আসার পর থেকে পিসিটির সঠিক ব্যবহার নিশ্চিত করুন।